



স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৪.২৪-৮৫

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ মার্চ ২০২৪ খ্রি.


বিষয়ঃ শুনানীতে অংশগ্রহণের নোটিশ।

সূত্র: : মাউশি স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.০১.০৭.২১/৩১; তারিখ: ১৩/০২/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার রমনা থানাধীন 'ডিকারুননেছা নুন স্কুল এন্ড কলেজ' টি বিগত ১৭/০২/২০২১ হতে ১৮/০২/২০২১ ও ২০/০২/২০২১ হতে ২২/০২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনের দফাওয়ারী ব্রডশিট জবাব প্রতিষ্ঠান প্রধান, গভর্নিং বডি'র সভাপতি এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে। 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটি'র সিদ্ধান্তের আলোকে ব্রডশিট জবাব পর্যালোচনাক্রমে উত্থাপিত অভিযোগের বিষয়ে শুনানী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে আগামী ০৪/০৪/২০২৪ খ্রি: সকাল ১০.০০ টায় জনাব মুকেশ চন্দ্র বিশ্বাস, যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে (ভবন নং-৬, কক্ষ নং-১৮০৩, ১৯ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বর্ণিত বিষয়ে শুনানী গ্রহণ করা হবে।

ক্র.নং	নাম ও পদবী	মোবাইল নম্বর
১.	জনাব কামরুন নাহার, সাবেক অধ্যক্ষ	০১৯২৯৬৯৪৬৩৪
২.	জনাব শামসুন নাহার, হিসাব রক্ষক	০১৮১৮৪৬৮৭৯৮

০২। এমতাবস্থায়, পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত অভিট আপত্তি সংক্রান্ত সকল প্রয়োজনীয় কাগজপত্র (মূলকপি ও ফটোকপি) নিয়ে উপরে উল্লিখিত সময় ও স্থানে বর্ণিত শিক্ষক-কর্মচারীসহ আপনাকে শুনানীতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৭/০৬/২৪  
(মো: সেলিম সিকদার)  
সহকারী সচিব  
ফোন: ০২-৫৫১০১৪০৮

জনাব কেকা রায় চৌধুরী

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ডিকারুননেছা নুন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা।

(মোবাইল-০১৬১০৯৩৪৫৪৫)

**সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
- ৩। উপসচিব (নিরীক্ষা অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বেসরকারি মাধ্যমিক-১/৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। উপসচিব (বেসরকারি কলেজ-৬), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (নিরাপত্তা-২), জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (শুনানীতে আগত অংশগ্রহণকারীগণকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সভায় আগত সদস্যবৃন্দকে আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ১০। সভাপতি, গভর্নিং বডি, ডিকারুননেছা নুন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা।
- ১১। যুগ্মসচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।